# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২০-০৩

তারিখ: ১৮ পৌষ ১৪২৮ / ০২ জানুয়ারি ২০২২

বিষয়: **একাদশ জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ প্রসঙ্গে**

সূত্র:- ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.২০.৭৫; তারিখ: ২৬ ডিসেম্বর, ২০২১
২. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১.৩২৫; তারিখ: ১৩ ডিসেম্বর. ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ১৬ জানুয়ারি, ২০২২ তারিখ রোজ রবিবার একাদশ জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান, প্রতিষ্ঠানের স্থাপনা/অঙ্গন ভোট কেন্দ্র হিসেবে ব্যবহার এবং সূত্রোক্ত ২ নং স্মারকে উল্লিখিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণপূর্বক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের নিমিত্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট এলাকার মাদ্রাসাসমূহের শিক্ষক/কর্মচারীকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৪ (চার) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০২.০১.২০২২

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: শিক্ষক/কর্মচারী,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সংশ্লিষ্ট এলাকার মাদ্রাসাসমূহ।

০২.০১.২২

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২০-০৩ (৮)

তারিখ: ১৮ পৌষ ১৪২৮ / ০২ জানুয়ারি ২০২২

**সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট এলাকা);
২. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৩. জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট এলাকা);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
(তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৬. সভাপতি/সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং/এডহক/নির্বাহী/ট্রাস্ট কমিটি,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহ;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

2/1/22

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২-৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০২.০১.২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

সংসদ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.tmed.gov.bd

জরুরি

অতি গোপনীয়

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.২০.৭৫ তারিখ: ১১ পৌষ ১৪২৮

২৬ ডিসেম্বর ২০২১

বিষয়: **একাদশ জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ প্রসঙ্গে।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১-৩২৫; ১৩ ডিসেম্বর ২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী একাদশ জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনের নির্বাচন আগামী ১৬ জানুয়ারি ২০২২ তারিখ রোজ রবিবার অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণপূর্বক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের স্থাপনা/অঙ্গন ভোট কেন্দ্র হিসেবে ব্যবহার এবং নির্বাচনী এলাকায় কর্মরত কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীগণকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (3639/potrojariAttachmentRef/26206/0/4337)মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ফটোকপি ০২ (দুই) পৃষ্ঠা। (3694/potrojariAttachmentRef/26206/0/4337)

২৬-১২-২০২১

মোঃ আবদুর রহমান

উপসচিব ও কাউন্সিল অফিসার

ফোন: ০২-৯৫৪৫৪৩৫

ইমেইল:

sas.parliament.tmed@gmail.com

বিতরণ :

১) মহাপরিচালক, (অতিরিক্ত সচিব) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ তলা) নিউ বেইলি রোড, রমনা, ঢাকা।

৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।

৬) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.২০.৭৫/১(৭) তারিখ: ১১ পৌষ ১৪২৮

২৬ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) অতিরিক্ত সচিব(কারিগরি) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা-২ এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৬) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা -১ এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭) অফিস কপি।

২৬-১২-২০২১

মোঃ আবদুর রহমান

উপসচিব ও কাউন্সিল অফিসার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডায়েরী নং- ৮৫৭৮
তারিখ-
যুগ্ম-সচিব
যুগ্ম-সচিব
স্বাক্ষর

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নম্বর: | তারিখ:
অতিঃ সচিব (প্রশাসন ও অর্থ) | যুগ্মসচিব (মাদ্রাসা)
অতিঃ সচিব (উন্নয়ন) | যুগ্মসচিব (উন্নয়ন)
অতিঃ সচিব (কারিগরি) ১/২ | উপ প্রধান (পরিঃ)
অতিঃ সচিব (মাদ্রাসা) ১/২ | উপসচিব (SDG)
অতিঃ সচিব (অডিট ও আইন) ১/২ | উপসচিব............
যুগ্মসচিব (প্রশাসন)
যুগ্মসচিব (কারিগরি)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১.৩২৫

২৮ অগ্রহায়ণ ১৪২৮
তারিখ: ------------------
১৩ ডিসেম্বর ২০২১

**বিষয়: জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ।**

সূত্র:

(১) নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০(অংশ-২)-৬১৪ তারিখ: ০৬.১২.২০২১

(২) নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০(অংশ-২)-৬১৫ তারিখ: ০৬.১২.২০২১

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী একাদশ জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন আগামী ১৬ জানুয়ারি ২০২২ রবিবার অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছে।

২। নির্বাচন কমিশন সচিবালয় জানিয়েছে যে, নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটকেন্দ্র হিসেবে এবং ঐ সকল প্রতিষ্ঠানের আসবাবপত্র নির্বাচনের কাজে ব্যবহৃত হবে।

৩। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরি ও নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি বিধৃত রয়েছে।

৪। উল্লেখ্য, নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'নির্বাচন কর্মকর্তা' হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৫ অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য। এমতাবস্থায়,

৬। (ক) উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের আওতাধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যুগ্মসচিব (প্রশাসন-২) অধিশাখা এর দপ্তর
ডকেট নং ৪৮৭ তারিখ
উপসচিব/সি: সহ: সচিব (সমন্বয়)
উপসচিব/সি: সহ: সচিব (সংস্থা)
উপসচিব/সি: সহ: সচিব (এমপিও)
উপসচিব/সি:সহ:সচিব (এসডিজি, এপিএ, এন আই এস)
সিস্টেম এনালিষ্ট/প্রোগ্রামার (আইসিটি)
ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব (প্রশাসন-২) অধিশাখা

C:\Users\user\Desktop\F-Running Note & Letter(Desktop)\11th National Election\Parliament Election(Letter).doc

(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪ই অনুসারে নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে অন্যত্র বদলি করা যাবে না। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধাসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থাসমূহকে নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরোল্লিখিত নির্দেশনাসমূহ জারিসহ আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সর্বাত্মক সহায়তা প্রদানের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্তশাসিত/বেসরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.১২.২১

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮৯১৯১
email: gfa_branch@cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.০০১.২০২১.৩২৫

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮ / ১৩ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/ বিভাগ।
০২। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৭। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল ও রিটার্নিং অফিসার।
০৯। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, টাঙ্গাইল।
১০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল ও সহকারী রিটার্নিং অফিসার।
১১। সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

১৩.১২.২১

(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ০২২২৩৩৮৯১৯১
email:gfa_branch@cabinet.gov.bd

C:\Users\user\Desktop\1-Running Note & Letter(Desktop)\11th National Election\Parliament Election(Letter).doc